

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:03-08-2024
Time: 07.20-07.25 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Flood situation in South :

রাজ্যের দক্ষিণ জেলার মুহুরী নদীর জল কিছুটা কমলেও আজ সকাল পর্যন্ত বিপদসীমার উপরে রয়েছে বলে জানায় জেলা বিপর্যয় মোকাবিলা কর্তৃপক্ষ। রাতে বেশি বৃষ্টি না হওয়ায় শান্তিরবাজার মহকুমার বেশ কিছু মানুষ বাড়ি ফিরে যেতে পারলেও সকাল পর্যন্ত বিলোনিয়া মহকুমার ৯৮ পরিবার ও সাব্রুম মহকুমার ৮৫ পরিবারের লোকজন শিবিরে রয়েছেন। গতকাল সন্ধ্যার পর মুহুরী, লাউগাং ও ফেণিতে জল বেড়ে যাওয়ায় কারনে দক্ষিণ জেলায় নতুন করে আরও আশ্রয় শিবির খুলতে হয়েছে। বিলোনিয়া মহকুমার রাতে নতুন করে ৬টি এবং সাব্রুমে আরও ৪টি আশ্রয় শিবির খোলা হয়েছে। শান্তিরবাজার মহকুমার শান্তিরবাজার পুর পরিষদ এলাকা, কাঞ্চননগর, লক্ষীছড়া, চরকবাই ও দেবদারু এলাকা থেকেও মানুষদের রাতে উদ্ধার করে নিয়ে আসেন বিপর্যয় মোকাবিলা বাহিনী।

এদিকে, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা দক্ষিণ জেলার বর্তমান পরিস্থিতির উপর ব্যক্তিগতভাবে পর্যবেক্ষণ করছেন। তিনি জানান, যে কোনো পরিস্থিতি মোকাবেলায় প্রশাসন পুরোপুরি প্রস্তুত রয়েছে। গোটা বিষয়টি নিয়ে রাজস্ব দপ্তরের সচিব এবং ভারতীয় আবহাওয়া বিভাগ আইএমডি-র কাছ থেকে রিপোর্ট তলব করা হয়েছে।

High-Speed Road Corridor :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভার অর্থনীতি বিষয়ক কমিটি মোট ৫০ হাজার ৬৫৫ কোটি টাকা ব্যয়ে নয়শ ৩৬ কিলোমিটার দৈর্ঘ্যের ৮টি গুরুত্বপূর্ণ জাতীয় হাই-স্পিড রোড করিডর প্রকল্পের অনুমোদন দিয়েছে। এই প্রকল্পগুলি পরিবহণ দক্ষতা উন্নত করবে, যানজট হ্রাস করবে এবং সারা দেশে সংযোগ বাড়াবে। কেন্দ্রীয় তথ্য সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব গতকাল নতুনদিল্লিতে সাংবাদিকদের বলেছেন যে এই প্রকল্পগুলি ২০৪৭ সালের জন্য ভারতের দৃষ্টিভঙ্গির সঙ্গে সঙ্গতিপূর্ণ। এই প্রকল্পগুলি রূপায়ণে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় ৪ কোটি ৪২ লক্ষ শ্রমদিবসের সৃষ্টি হবে।

Governor-Rastrapati Bhawan :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু দিল্লিতে রাষ্ট্রপতি ভবনে অনুষ্ঠিত রাষ্ট্রপতি সম্মেলনে অংশ নিয়েছেন। গতকাল থেকে শুরু হওয়া দুদিনের সম্মেলনের পৌরহিত্য করছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। রাজভবন থেকে জানানো হয়েছে, রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এই সম্মেলনে সম্প্রতি চালু হওয়া তিনটি ফৌজদারি আইন, উচ্চ শিক্ষা ক্ষেত্রে সংস্কার, বিশ্ববিদ্যালয়গুলির স্বীকৃতি, জনজাতি এলাকাগুলির উন্নয়ন, আমার ভারত, এক ভারত শ্রেষ্ঠ ভারত ইত্যাদি বিষয়ে আলোচনা হবে।

Ratan Lal Nath :

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ গতকাল পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ছয় নম্বর আসনে বিজেপি প্রার্থী নিয়তি ভৌমিকের সমর্থনে প্রচারের অংশ নেন। তিনি মোহিনীপুর এবং রাঙ্গাছড়া পঞ্চায়েতে নির্বাচনী সভায় আলোচনা করেন। ভাষণে শ্রী নাথ গ্রামীণ মানুষের আর্থ সামাজিক উন্নয়নের জন্য বিজেপি প্রার্থীদের ভোট দিতে আবেদন করেন।

Ker Puja :

আজ ঐতিহ্যবাহী কের পূজা পালিত হচ্ছে রাজ্যে। চতুর্দশ দেবতা বাড়ি প্রাঙ্গন এবং উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গনে চিরাচরিত প্রথা মেনে পূজা হচ্ছে। এই পূজা সর্ব সাধারণের দর্শনের বাইরে রাখা হয়। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, কের পূজা উপলক্ষে গতকাল রাত ৯টা থেকেই উজ্জয়ন প্রাসাদ এবং চতুর্দশ দেবতা মন্দির এলাকার চারদিকে পুলিশ, টিএসআর মোতায়েন করা হয়েছে। আগামীকাল ভোর ৫টা পর্যন্ত এই ঘেরাও এরমধ্যে কেউ আসা যাওয়া করতে পারবেন না।

Bachar Bachao Exam :

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সচিব জানিয়েছেন, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের বছর বাঁচাও পরীক্ষা আগামী ৬ আগস্ট পর্যন্ত চলবে। গত ২৯ জুলাই থেকে শুরু হয়েছে এই পরীক্ষা। তিনি গতকাল কামিনী কুমার মেমোরিয়াল সিংহ উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং নেতাজি সুভাষ বিদ্যানিকেতন পরীক্ষা কেন্দ্র ঘুরে সাংবাদিকদের বলেন, এবছর ২৭টি সেন্টারে মাধ্যমিকে বছর বাঁচাও পরীক্ষায়

বসে ২৭৬২ জন এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বসে ৩৮১৫ জন ছাত্রছাত্রী। আগরতলা শহরের বাইরে ২৫টি সেন্টারে একই সাথে হচ্ছে পরীক্ষা।

SFI Deputation :

বিদ্যাজোতি স্কুলে ফি মুকুব, এইডস নিয়ে সচেতনতামূলক শিবির সহ ছয় দফা দাবিতে গতকাল পশ্চিম জেলা শিক্ষা আধিকারিকের কাছে ডেপুটেশন দিয়েছে এসএফআই। ডেপুটেশনে প্রতিনিধি দলে ছিলেন সংগঠনের সদর বিভাগীয় কমিটির সভাপতি সারঔ আচার্য, সম্পাদক সৃজন দেব সহ অন্যরা।

BSF Detain :

BSF গতকাল আখাউড়া সীমান্তে দশজন বাংলাদেশিকে আটক করেছে। বিএসএফের জন সংযোগ আধিকারিক জানান, আখাউড়া সীমান্তের কাছে শানমুড়া দিয়ে দশজন বাংলাদেশি নাগরিক বেআইনিভাবে রাজ্যে প্রবেশ করেছিল। সবাইকে আটক করা হয়েছে।

Olympic Games :

প্যারিস অলিম্পিকের অষ্টম দিনে ভারতীয় পুরুষ হকি দল গ্রুপের শেষ ম্যাচে ৩-২ গোলে অস্ট্রেলিয়াকে পরাজিত করেছে। ৫২ বছর পর অলিম্পিকের আসরে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে জয় পেলে ভারত। আগামী ৪ আগস্ট ভারত কোয়ার্টার ফাইনালে গ্রেট

ব্রিটেনের মুখোমুখি হবে। এদিকে ব্যাডমিন্টনের পুরুষ সিঙ্গেলসে সেমিফাইনালে উঠে ইতিহাস সৃষ্টি করেন ভারতীয় শাটলার লক্ষ্য সেন। কোয়ার্টার ফাইনালে তিনি ২-১ সেটে চাইনিজ তাইপের প্রতিপক্ষকে হারিয়ে দেন। শ্যুটিং-এর মহিলাদের ২৫ মিটার পিস্তল বিভাগে জোড়া ব্রোঞ্জ পদকজয়ী মনু ভাকের ফাইন্যালে উঠেছেন। আজ তিনি তৃতীয় পদকের জন্য লড়াই করবেন।

Weather :

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দক্ষিণ গোমতি, পশ্চিম, খোয়াই এবং ধলাই জেলায় আজ ভারী বর্ষণের সতর্কতা জারি করেছে আগরতলা আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩০ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৭ ডিগ্রি সেলসিয়াস।
